# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম তার বিশুদ্ধতা প্রমানে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

2589 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عن أبي الزبير المكي عن طاوس عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ مِنْ جَوْفِ اللَّيْلِ يَقُولُ: (اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ رب السماوت وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَوَعْدُكَ الْحَقُّ وَلِقَاؤُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنَبْتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِي لَا إِلَهَ إلا أنت)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2589 | خلاصة حكم المحدث: صحيح - ((صفة الصلاة))، ((صحيح أبي داود)) (745): ق.

বাংলা

২৫৮৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন রাতে তাহাজ্জুদ সালাত আদায় করার জন্য উঠতেন, তখন তিনি বলতেন,

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ رب السماوت وَالْأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَوَعْدُكَ الْحَقُّ وَلِقَاؤُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنَبْتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا

أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِي لَا إِلَهَ إلا أنت

(হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিনের নূর, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিনের পরিচালক, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি আসমানসমূহ, জমিন ও উভয়ের মধ্যবর্তী সমস্ত জিনিসের প্রভু, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি হক, আপনার সাক্ষাৎ সত্য, আপনার ওয়াদা সত্য, জান্নাত সত্য, জাহান্নাম সত্য, কিয়ামত সত্য। হে আল্লাহ, আমি আপনার কাছে আত্নসমর্পন করেছি, আপনার প্রতি ঈমান আনয়ন করেছি, আপনার উপরই ভরসা করেছি, আপনার কাছেই প্রত্যাবর্তন করেছি, আপনার জন্যই বিবাদ করি, আপনার কাছেই ফায়সালা চেয়েছি। অতএব আপনি আমার গুনাহ ক্ষমা করে দিন যা আমি আগে করেছি, যা আমি পরে করেছি, যা আমি গোপনে করেছি, যা আমি প্রকাশ্যে করেছি। আপনি সর্বপ্রথম, আপনি সর্বশেষ, আপনি আমার মা‘বূদ। আপনি ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই।)[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৫১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬৫; হুমাইদী: ৪৯৫; মুসনাদ আহমাদ: ১/৩৫৮; দারেমী: ১/৩৪৮-৩৪৯; সহীহ আল বুখারী: ১১২০; সহীহ মুসলিম: ৭৬৯; নাসাঈ: ৩/২০৯-২১০; ইবনু মাজাহ: ১৩৫৫; তাবারানী: ১০৯৮৭; আবূ আওয়ানা: ২/২৯৯; সুনান বাইহাকী: ৩/৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91919

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন